

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৩৫.৮৭-২৫৯.

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩০
২৩ জুলাই ২০২৩

বিষয়: কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম পৌরসভার ৪, ৫ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব খন্দকার মোস্তাক আহম্মেদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম পৌরসভার ৪, ৫ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব খন্দকার মোস্তাক আহম্মেদ জনতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার বিষয়টি আপনার প্রদত্ত জবাবে স্বীকার করায়, এ বিভাগ হতে ২৯/০৩/২০২৩ খ্রি. তারিখের ১২৩ নং স্মারকমূলে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলে ০২ মাস ২২ দিন অতিক্রান্ত হওয়ার পরও আপনি অদ্যাবধি কোন জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,


জনাব খন্দকার মোস্তাক আহম্মেদ
নিকাহ রেজিস্ট্রার, ৪, ৫ ও ৯ নং ওয়ার্ড
কুড়িগ্রাম পৌরসভার, কুড়িগ্রাম।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৩৫.৮৭-২৫৯.

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩০
২৩ জুলাই ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত অধিক্ষেত্রের সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৫। সাব-রেজিস্ট্রার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম (শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।



(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮